

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ  
(সাধারণ শাখা)

জানুয়ারি ২০১৯ মাসের জেলা মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

|            |  |
|------------|--|
| সভাপতি     | মোহাম্মদ আব্দুল আহাদ<br>জেলা প্রশাসক     |
| সভার তারিখ | ২৭ জানুয়ারি ২০১৯খ্রি.                   |
| সভার সময়  | বিকাল ০৩:০০ ঘটিকা।                       |
| স্থান      | জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি   | পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**মাসিক প্রতিবেদন সংক্রান্ত :**

ক) এনজিওসমূহের মাসিক প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। এ জেলায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওগুলোর মধ্যে নিম্নবর্ণিত এনজিওসমূহ তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন দাখিল করেন। অন্যান্য এনজিও হতে তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন পাওয়া যায় নাই।

| ক্রম   | এনজিও'র নাম                                       | প্রতিবেদন প্রাপ্তির তারিখ |
|--|---|---------------------------|
| ১।   | বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটি                 | ০১/০১/২০১৯                |
| ২।   | সেইভ দ্যা চিলড্রেন                                | ০৩/০১/২০১৯                |
| ৩।   | ব্র্যাক   | ০৬/০১/২০১৯                |
| ৪।   | সূর্যের হাসি ক্লিনিক                              | ঐ                         |
| ৫।   | ইসলামিক রিলিফ বাংলাদেশ                            | ঐ                         |
| ৬।   | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র                    | ঐ                         |
| ৭।   | পপি এলনা  | ঐ                         |
| ৮।   | জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা (জেছিস)                 | ঐ                         |
| ৯।   | ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ                            | ঐ                         |
| ১০।  | আশা   | ঐ                         |
| ১১।  | সীমান্তিক   | ঐ                         |
| ১২।  | ব্যুরো বাংলাদেশ                                   | ০৬/০১/২০১৯                |
| ১৩।  | ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এফেয়ার্স (আইডিআ)       | ০৬/০১/২০১৯                |
| ১৪।  | স্যানফ্রেড ওয়েল ফেয়ার ফাউন্ডেশন                 | ঐ                         |
| ১৫।  | ভার্ড   | ঐ                         |
| ১৬।  | ঢাকা আহছানিয়া মিশন                               | ঐ                         |
| ১৭।  | কেয়ার বাংলাদেশ                                   | ঐ                         |
| ১৮।  | সুইস কন্সট্রাক্ট                                  | ০৮/০১/২০১৯                |
| ১৯।  | এফারটস ফর রুরাল এডভ্যান্সমেন্ট (ইরা)              | ঐ                         |
| ২০।  | সচেতন নাগরিক কমিটি (সনাক)                         | ১০/০১/২০১৯                |
| ২১।  | কারিতাস বাংলাদেশ                                  | ঐ                         |
| ২২।  | ইউনাইটেড ইফর্টস ফর রুরাল ডেভেলপমেন্ট (ইউ.ই.আর.ডি) | ২০/০১/২০১৯                |
| ২৩।  | টিএমএসএস  | ঐ                         |
| যে সকল এনজিও হতে মাসিক প্রতিবেদন পাওয়া যায়নি : |   |                           |
| ১।   | আইডিই   |                           |

|    |   |
|----|---|
| ২। | বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) |
| ৩। | এফ.আই.ভি.ডি.বি.                                       |
| ৪। | সেন্টার ফর ন্যাচারাল রিসোর্স স্টাডিজ (সিএনআরএস)       |
| ৫। | দি হাজার প্রজেক্ট                                     |
| ৬। | আইপাস বাংলাদেশ  |
| ৭। | উদ্দীপন   |

**এনজিও কার্যক্রমের প্রতিবেদন :** এনজিওসমূহ থেকে প্রাপ্ত নিম্নবর্ণিত প্রতিবেদনগুলো সভায় উপস্থাপন করা হয়।

**১। সূর্যের হাসি ক্লিনিক :** এ জেলার সদর পৌরসভা ও ছাতক পৌরসভায় পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল ইউ.এস এ.আই.ডি (এস.এস.এফ.পি.) প্রকল্পের মাধ্যমে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত সদর উপজেলায় ৮,৬২১ জন ও ছাতক উপজেলায় ৯,০৪৮ জনকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, মায়েদের স্বাস্থ্য, প্যাথলজিক্যাল, পরিবার পরিকল্পনা পদ্ধতি, ইপিআই ও বিনামূল্যে হতদরিদ্রদের স্বাস্থ্যসেবার উপর কার্যক্রম চলমান আছে।

**২। আশা:** এ জেলার সকল উপজেলার ৮২টি ইউনিয়নের ৮৭৭টি গ্রামে প্রাথমিক ঋণ কর্মসূচি, সঞ্চয় কর্মসূচি, স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, বিশেষ ঋণ কর্মসূচি, এগ্রিবিজনেস, স্যানিটেশন ঋণ কর্মসূচি, স্বাস্থ্য ও শিক্ষা কর্মসূচি, ফরেন্স রেমিটেন্স কর্মসূচি ও নিরাপত্তা দাবী কর্মসূচি মাধ্যমে অপুষ্টি জনিত রোগ যেমন, আয়রন ও আয়োডিন জনিত রোগ সম্পর্কে সচেতনতা করাসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে।

**৩। ইসলামিক রিলিফ বাংলাদেশ :** ডিসেম্বর/২০১৮ মাসে এ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় ৩১৬জন এতিম শিশু ও তার পরিবারকে সহায়তা প্রদান, দিরাই উপজেলায় ২৯২জন এতিম শিশু ও তার পরিবারকে সহায়তা প্রদান ও সদর উপজেলায় ২৩৮জন এতিম শিশু ও তার পরিবারকে সহায়তা প্রদান করা হয়েছে তাছাড়া শিশুকল্যাণ কর্মসূচির আওতায় এতিম শিশুদের সহায়তা প্রদান, কমিউনিটি ডেভলপমেন্ট ও লাইভলিহুড কর্মসূচি, দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি এবং হিউমেনিটারিয়ান কর্মসূচির মাধ্যমে তাদের কার্যক্রম চলমান রয়েছে।

**৪। কেয়ার বাংলাদেশ :** সুনামগঞ্জ জেলার তাহিরপুর ও দোয়ারাবাজার উপজেলায় সৌহার্দ্য-III প্রকল্প, জেলার সকল উপজেলায় কালেক্টিভ ইমপ্যাক্ট ফর নিউট্রিশন প্রকল্প, কেয়ার জিএসকে কমিউনিটি হেলথওয়ার্কার ইনিসিয়েটিভ প্রকল্প, ধর্মপাশা, দোয়ারাবাজার, ও তাহিরপুর উপজেলায় এসডিসি-সমষ্টি প্রকল্প এবং জামালগঞ্জ, দিরাই ও দোয়ারাবাজার উপজেলার টিপিং পয়েন্ট প্রজেক্ট (ফেজ-২)এর মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য, শিক্ষা কার্যক্রম, খাদ্য নিরাপত্তাহীনতা ইত্যাদির উপর তাদের কার্যক্রম চলমান আছে।

**৫। জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা (জেছিস) :** এ জেলার জামালগঞ্জ উপজেলায় ৪টি ইউনিয়নের ১৫টি গ্রামে ‘টিপিং পয়েন্ট প্রজেক্ট-ফেইজ-২’ প্রকল্পের মাধ্যম কেনডেডা ফান্ড/কেয়ার বাংলাদেশের অর্থায়নে তাদের কার্যক্রম পরিচালনা করেছে। ডিসেম্বর/২০১৮ মাসে ১২-১৬ বছর বয়সী কিশোর-কিশোরীদের সাথে এবং অভিভাবক দলের সাথে ‘জেন্ডার সমতা, কৈশোর প্রজনন ও যৌন স্বাস্থ্য অধিকার এবং নেতৃত্বের উন্নয়ন’ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক মাসিক সেশন পরিচালনা, ৮-১১ বছর বয়সী শিশুদের সাথে ‘জেন্ডার সমতা ও নেতৃত্ব’ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক মাসিক সেশন পরিচালনা করেছে।

**৬। ব্র্যাক :** এ জেলার সকল উপজেলায় ডিসেম্বর/২০১৮ মাসে সংস্থাটি বিভিন্ন উপজেলায় ০৬টি দরিদ্র পরিবারকে স্বাস্থ্যসম্মত পায়খানা প্রদান, পুষ্টির চাহিদা পূরণের জন্য ১২জনকে ৫,০০০/- টাকা প্রদান, ১০জন নতুন যক্ষারোগী সনাক্ত ও অতিদরিদ্র ২৪জনকে ৬,৫০০/- টাকা চিকিৎসা সহায়তা প্রদান, দৃষ্টি সমস্যায় আক্রান্ত ব্যক্তিদের মধ্যে ৪৫টি চশমা বিতরণ করা হয়েছে। এছাড়া জেলায় সংস্থাটির শিক্ষা কর্মসূচি, ব্র্যাক ক্ষুদ্রঋণ কর্মসূচি, ওয়াটার স্যানিটেশন ও হাইজিন কর্মসূচি, স্বাস্থ্য কর্মসূচি, যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি, সমন্বিত উন্নয়ন কর্মসূচি ও দক্ষতা উন্নয়ন কর্মসূচি প্রকল্পসমূহের কার্যক্রম চলমান আছে।

**৭। ইরা :** এ জেলার তাহিরপুর উপজেলার ৭টি ইউনিয়নে ও ধর্মপাশা উপজেলার ২টি ইউনিয়নে সংস্থাটি তাদের কার্যক্রম পরিচালনা করছে। ধর্মপাশা উপজেলায় টাংগুয়ার হাওরের জীব বৈচিত্র রক্ষা ও হাওরপাড়ের মানুষদের জীবনমান উন্নয়নে হাওরের উপর নির্ভরশীলতা কমানো এবং তাহিরপুর উপজেলায় পানি, পায়খানা ও হাইজিন (স্বাস্থ্যভ্যাস) এর উন্নতিকরণের মাধ্যমে এলাকাবাসীর স্বাস্থ্য, পুষ্টি ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে নিরাপদ এবং উপযুক্ত পরিবেশে স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে উন্নত ও টেকসই স্বাস্থ্যভ্যাস নিশ্চিতকরণের মাধ্যমে তাদের কার্যক্রম চলমান রয়েছে।

**৮। আইডিয়া :** এ জেলার জগন্নাথপুর উপজেলায় আইডিয়া-প্রাক-প্রাথমিক প্রকল্প, আইডিয়া-উপানুষ্ঠানিক বিদ্যালয় প্রকল্প, আইডিয়া হেলথ কেয়ার সেন্টার প্রকল্প এবং তাহিরপুর, দোয়ারাবাজার ও ধর্মপাশা উপজেলায় আইডিয়া-এসডিসি-সমষ্টি প্রকল্পের মাধ্যমে কৃষি, স্বাস্থ্য ও পুষ্টি, নারীর ক্ষমতায়ন, মানবিক সহায়তা, শিক্ষা, ওয়াটার-স্যানিটেশন প্রোগ্রামসহ অন্যান্য কার্যক্রম চলমান

আছে।

**৯। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ :** সুনামগঞ্জ পৌরসভা ও তাহিরপুর উপজেলায় সেন্ট্রাল ইন্সটান রিজিওনাল ইনটিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য, শিক্ষা, যুব ও সংস্কৃতি, আইন ও সুশাসন, নির্বাচন, মানবাধিকার ও গণতন্ত্র, দুর্যোগ, ত্রাণ ও পুনর্বাসন এবং গৃহায়ন, বিদ্যুৎ ও জ্বালানী, পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন ইত্যাদি কার্যক্রম চলমান আছে।

**১০। বন্ধু:** বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটি এ জেলার শুধুমাত্র সদর উপজেলায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন গ্লোবাল ফান্ডের অর্থায়নে যৌন বৈচিত্র্যময় সংখ্যালঘু (তৃতীয় লিঙ্গ) হিজড়া জনগোষ্ঠীর মধ্যে এইচ.আই.ভি/ এইডস প্রতিরোধ এবং মানবাধিকার সুরক্ষা প্রকল্পের মাধ্যমে হিজরা জনগোষ্ঠীদের নিয়ে কার্যক্রম চলমান আছে।

**১১। স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন:** এ জেলার ০৪টি উপজেলার ২৫টি ইউনিয়নের ৩১৫টি গ্রামে ইন্টিগ্রেটেড কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট (আইসিডিপি) ফেইস-৩ প্রকল্পের মাধ্যমে প্রকল্পের উপকারভোগী সদস্যদের সক্ষমতা বৃদ্ধি, স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি এবং স্বাস্থ্য সেবা, জীবিকায়ন নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্যতা অর্জন, শিক্ষাকর্মসূচি এবং জেন্ডার ও মানবাধিকার বিষয়ক কর্মসূচির মাধ্যমে তাদের কার্যক্রম চলমান রয়েছে।

**১২। পদক্ষেপ :** সংস্থাটি জেলার সদর উপজেলার সুরমা ইউনিয়নের ২৯টি গ্রামে ক্ষুদ্রঋণ ও সমৃদ্ধি কার্যক্রম প্রকল্পের মাধ্যমে সমৃদ্ধি কর্মসূচি, শিক্ষা বিষয়ক কার্যক্রম, স্বাস্থ্য সেবা কার্যক্রম, কমিউনিটি উন্নয়ন কার্যক্রম, ভিক্ষুক পুনর্বাসন, ক্ষুদ্রঋণ কার্যক্রম, বিশেষ স্বাস্থ্য সেবা কার্যক্রম, কারিগরি সেবা কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রম চলমান আছে।

**১৩। কারিতাস :** এ জেলার সদর, তাহিরপুর ও দোয়ারাবাজার উপজেলার ৬টি ইউনিয়নে ‘আলো ঘর’ প্রকল্পের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাপনা কমিটি ও জনগণদের নিয়ে জীবন দক্ষতা সভা, কেন্দ্র পরিদর্শন ও শিক্ষা ব্যবস্থাপনা সভা করার মাধ্যমে সংস্থাটির কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**১৪। সচেতন নাগরিক কমিটি (সনাক):** এ জেলার শুধুমাত্র সদর উপজেলায় “বিল্ডিং ইনটিগ্রেটি ব্লকস ফর ইফেক্টিভ চেঞ্জবিবে” প্রকল্পের মাধ্যমে সনাক মাসিক সভা, ইয়েস ও ইয়েস ফ্রেন্ডস সমন্বয় সভা, ইয়েস ফ্রেন্ডস সদস্যদের বিশেষ কর্মসূচি, গোধারণা ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের তথ্যপত্র প্রকাশসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে।

**১৫। পপি এলনা:** এ জেলার তাহিরপুর উপজেলার ০৩টি ইউনিয়নে ‘এমপাওয়ারিং লোকাল এন্ড ন্যাশনাল হিউম্যানিটারিয়ান এ্যাক্টরস্ (এলনা)’ প্রকল্পের মাধ্যমে অক্সফাম বাংলাদেশের সহযোগিতায় সংস্থাটি আপদকালীন পরিকল্পনার উপর প্রশিক্ষণ, মানবিক সহায়তায় আদর্শমান এবং জরুরী অবস্থায় পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ক প্রশিক্ষণ ও নারী ফোরাম সক্রিয়করণসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে।

**১৬। ভার্ড :** এ জেলার বিশ্বম্ভরপুর উপজেলার বাদাঘাট (দক্ষিণ) ইউনিয়নের ১৯টি গ্রামে Promoting Sustainable Agriculture Practices to Strengthen Food Security of the Poor and Marginalized through accessing rights Project, ১১টি উপজেলায় ভার্ড আই কেয়ার সার্ভিসেস (ভার্ড-ইসিএস) প্রকল্পের মাধ্যমে তাদের কার্যক্রম চলমান আছে। তাছাড়া চোখের দৃষ্টি পরীক্ষা, ফ্যাকো অপারেশন, লোভিশন সেবা, ডিসিআর অপারেশন ও ডিসিটি অপারেশন ইত্যাদি কার্যক্রম চলমান।

**১৭। সীমান্তিক :** এ জেলার দিরাই, জামালগঞ্জ, ছাতক ও বিশ্বম্ভরপুর উপজেলায় সীমান্তিকের “নতুন দিন” প্রকল্প স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে বাংলাদেশের জনগণের বিশেষ করে নারী ও শিশুদের স্বাস্থ্য সেবার উন্নয়ন ও স্থায়ীত্ব আনয়নে অত্যাবশ্যকীয় স্বাস্থ্য সামগ্রী ও সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

**১৮। সুইসকন্ট্যাক্ট:** এ জেলার সদর, তাহিরপুর, দোয়ারাবাজার, বিশ্বম্ভরপুর, জামালগঞ্জ ও দিরাই উপজেলায় আস্থা প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য সেবায় দক্ষ স্বাস্থ্যকর্মী কমিউনিটি প্যারামেডিক তৈরীতে সহায়তা করে আসছে। ডিসেম্বর/২০১৮ পর্যন্ত ২৬০টি কমিউনিটি প্যারামেডিকদের নিয়ে ০৮টি সাইন্টিফিক সেমিনার, ফ্রি-হেলথ ক্যাম্প ৬টি (২৫০০ রোগীকে চিকিৎসা ও ঔষধ প্রদান), ৫টি গণসচেতনতামূলক অনুষ্ঠানের মাধ্যমে ২১০০জন নারী-পুরুষকে স্বাস্থ্য বিষয়ে সচেতনতাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করছেন।

**১৯। ব্যুরো বাংলাদেশ :** ব্যুরো বাংলাদেশ ডিসেম্বর/২০১৮ মাসে পর্যন্ত এ জেলার সুনামগঞ্জ সদর ও ছাতক উপজেলায় ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচি (সাধারণ ঋণ, কৃষি) ও ক্ষুদ্র উদ্যোক্তা অর্থায়ন কর্মসূচির মাধ্যমে ৩২৯৬জন সদস্যকে মোট ১,৭৯,৬৩,০০০/- টাকা ঋণ বিতরণ করেছে।

**২০। টিএমএসএস :** এ জেলার সুনামগঞ্জ সদর উপজেলা ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত ৮টি ইউনিয়নের ৪৬টি গ্রামে ৬৮৯জনকে বিদ্যুৎ ঘাটতি পূরণে সোলার হোম সিস্টেম প্রদান, ৫৬০জনকে রেমিটেন্স প্রদান ও ৬৪০জনকে দরিদ্র জনগণ সাবলম্বী হওয়ার লক্ষ্যে দ্রব্যঋণ প্রদানের মাধ্যমে সংস্থাটির কার্যক্রম পরিচালনা করে আসছে।

২১। ঢাকা আহুনিয়া মিশন : এ জেলায় সৌহার্দ III প্রকল্পের মাধ্যমে তাহিরপুর ও দোয়ারাবাজার উপজেলায় ডিসেম্বর/২০১৮ মাসে ৭১টি গ্রামে গর্ভবতী ও প্রসূতি মায়েদের নিয়ে ৭১টি সচেতনতামূলক উঠান বৈঠক, ৪৫৬জন গর্ভবতী মা এবং ১৭১৯জন দুগ্ধদারকারী মোট ২১৭৫ জনকে রেশন প্রদান, ৭১টি একতা দলের মাসিক সভাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে আসছে।

২২। ইউইআরডি : এ জেলার দিরাই ও শাল্লা উপজেলায় নিরাপদ পানি ও স্যানিটারি লেট্রিন সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করা ও দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচির (ভিজিডি) আওতায় উন্নয়ন সেবা প্রদান প্রকল্পের মাধ্যমে ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত ২১২০জন ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান এবং ৩টি ডিপ টিউব-ওয়েল স্থাপন ও ৯টি পূর্ণ রিং স্ল্যাব-লেট্রিন স্থাপন করা হয়েছে।

২৩। সেভ দ্যা চিলড্রেন : সংস্থাটি এ জেলায় সামাজিক ও আচরনগত পরিবর্তনের মাধ্যমে মাতৃ, নবজাতক, শিশু ও কিশোর-কিশোরী স্বাস্থ্য (এমএনসিএইচ), পরিবার পরিকল্পনা, পুষ্টি এবং যক্ষা (টিবি) বিষয়ে মানসম্মত সেবা গ্রহণের জন্য চাহিদা বৃদ্ধি করা ও সেবা প্রাপ্যতা নিশ্চিত করার বিষয়ে কাজ করে যাচ্ছে।

১) আলোচনা : সভায় ব্যুরো বাংলাদেশ এনজিওসংস্থা পাওয়ার পয়েন্টের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করেন। সংস্থাটির প্রতিনিধি তাদের কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয়গুলো উপস্থাপন করেন :

ব্যুরো বাংলাদেশ এনজিওসংস্থার প্রতিনিধি বলেন, এনজিওসংস্থাটি ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচি (সাধারণ ঋণ, কৃষি), ক্ষুদ্র উদ্যোক্তা অর্থায়ন কর্মসূচির মাধ্যমে সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর ও ছাতক উপজেলায় তাদের কার্যক্রম পরিচালনা করছে। তিনি জানান সংস্থাটি ডিসেম্বর ২০১৮ মাসে সুনামগঞ্জ সদর উপজেলায় সুফলভোগী সদস্যসংখ্যা ১,০৮৮জন, ঋণ বিতরণ করা হয়েছে ৯০,৮০,০০০টাকা ঋণস্থিতি ৫,৭৯,৮৩,৭২০টাকা এবং ছাতক উপজেলা সুফলভোগী সদস্যসংখ্যা ২,২০৮জন, ঋণ বিতরণ করা হয়েছে ৮৮,৮৩,০০০টাকা ঋণস্থিতি ৪,২৭,৫৬,৪৪৮টাকা। সুনামগঞ্জ সদর ও ছাতক উপজেলার ১২জন সদস্য ৩,৩১,১৬৪টাকা রেমিটেন্স প্রদান করেন।

সিদ্ধান্ত : ব্যুরো বাংলাদেশ এনজিওসংস্থা তাদের কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করায় তাদের ধন্যবাদ জানান। এনজিওসংস্থার কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়।

২) আলোচনা : জানুয়ারি ২০১৯ মাসে মাসিক এনজিও সমন্বয় সভায় বন্ধু এনজিওসংস্থাকে তাদের কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : বন্ধু এনজিওসংস্থা ফেব্রুয়ারী ২০১৯ মাসের মাসিক এনজিও সমন্বয় সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) আলোচনা : জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার তালিকাভুক্ত এনজিও সংস্থা ব্যতিত অন্য কোন এনজিও সংস্থার কার্যক্রম উপজেলাসমূহে চলমান আছে কিনা তা সকল উপজেলা হতে তথ্য সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়।

৪) বিবিধ : ডিসেম্বর ২০১৮ মাসে জামালগঞ্জ, ধর্মপাশা, তাহিরপুর, দিরাই, ছাতক, সুনামগঞ্জ সদর, বিশ্বম্ভরপুর, জগন্নাথপুর উপজেলা হতে মাসিক এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে এবং দক্ষিণ সুনামগঞ্জ, শাল্লা ও দোয়ারাবাজার উপজেলা হতে মাসিক এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই।

সিদ্ধান্ত : প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণকে উপজেলা এনজিও সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারগণ তাঁর উপজেলায় এনজিওগুলোর চলমান কার্যক্রম যে কোন সময় সরেজমিন পরিদর্শন করবেন। পরিদর্শনকালে তাঁকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল এনজিও প্রতিনিধিদের অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ আব্দুল আহাদ  
জেলা প্রশাসক

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৩) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই, ১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪) পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ৫) সিভিল সার্জন, সুনামগঞ্জ।
- ৬) উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৭) মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
- ৯) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ।
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।
- ১১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল/সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জ।
- ১২) উপপরিচালক, সমাজসেবা / বিআরডিবি/ যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ১৩) জেলা সমবায় কর্মকর্তা/, জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা প্রাণিসম্পদ অফিসার/ জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ১৪) সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫) সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা, সুনামগঞ্জ।
- ১৬) সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৭) এনজিও প্রতিনিধি, .....

মোহাম্মদ আব্দুল আহাদ  
জেলা প্রশাসক